

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। মাতৃ-পিতৃ রাজ্য রক্ষা করবে পুত্রগণ,  
যে না করে দেহ ধরে, তার কিবা আর প্রয়োজন।
- ৪। গোলোক, তারক, মহানন্দ, গৌঁসাই হীরামন,  
তারা ধর্মযুদ্ধ রক্ষা করল, পিতৃ-মাতৃ ধন।  
এবার অশ্বিনী জ্ঞান অস্ত্র ধরে, ধ্বংস করো কুরুগণ।।

### ১৭১ নং গান

- আমার গুরুচাঁদের প্রেমবাজারে হরিপ্রেম ভক্তিধন দিতেছে।  
তোরা কে যাবি ত্বারায় চল, মুখে শুধুহরিবল, পরের নাবিক এসেছে।।
- ১। শ্রীরাধার খাস ভাণ্ডারের ধন গোলোকেতে ছিল গোপন।  
ঐ নাম ভুলোকে আনিয়া দিয়াছে চালিয়া  
বিনামূল্যে দান করিতেছে।।
- ২। কলির কলুষ বিনাশ করিতে, এনেছে নাম পতিত তরাতে।  
ঐ দেখ শুনে নামরে ধনি, পুরুষ রমণী  
প্রেম সাগরে ঝাঁপ দিতেছে।।
- ৩। আমার দয়ালচাঁদ প্রেমের ভাণ্ডারী,  
গোলোক, তারক মহানন্দ বিতরণকারী।  
তোরা আয় সব ছুটিয়া নিয়া যা লুটিয়া  
প্রেম বাজারে লুট পড়েছে।।
- ৪। মহানন্দ বলে আনন্দ হৃদয়,  
অশ্বিনী নিলিনা নাম সময় বয়ে যায়।  
খেলে হরি নাম সুধা, যাবে ভব-ক্ষুধা  
শমনের ভয় যায় ঘুচে।।